যুগান্তর

তারিখ 20 APR 2017
পৃষ্ঠা ৩ কলাম ৫

# বাণিজ্যিকীকরণ শিক্ষার গুণগত মান ব্যাহত করে

## —কবি নজরুল বিশ্ববিদ্যালয়ের সমাবর্তনে রাষ্ট্রপতি

**ময়মনসিংহ ব্যুরো ও ত্রিশাল প্রতিনিধি**

বাণিজ্যিকীকরণ শিক্ষার গুণগত মান ব্যাহত করে। মেধা বিকাশের পথ রুদ্ধ করে। তাই এ ধরনের প্রবণতা বন্ধ করতে হবে। বুধবার ময়মনসিংহের ত্রিশালে জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের প্রথম সমাবর্তন অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর ও রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ এ কথা বলেন।

রাষ্ট্রপতি বলেন, সার্টিফিকেট একজন শিক্ষার্থীর শিক্ষাগত যোগ্যতার স্বীকৃতি হলেও মূল লক্ষ্য হতে পারে না। আজকের ডিগ্রিপ্রাপ্তরা অর্জিত জ্ঞানকে দেশ ও জনগণের কল্যাণে কাজে লাগাবে বলেও আশা প্রকাশ করেন তিনি। রাষ্ট্রপতি বলেন, বাংলাদেশ আজ

■ পৃষ্ঠা ৭ : কলাম ৪

## বাণিজ্যিকীকরণ শিক্ষার গুণগত মান

(৩য় পৃষ্ঠার পর)

সমৃদ্ধির পথে এগিয়ে যাচ্ছে। পদ্মা সেতু আজ কল্পনা নয়। বর্তমান সরকার যুদ্ধাপরাধীর বিচার, বঙ্গবন্ধু হত্যার বিচার, জঙ্গিবাদ দমন, ক্ষুধা, দারিদ্র্যদূরীকরণসহ আর্থসামাজিক ক্ষেত্রে কার্যকরী ভূমিকা পালন করেছে।

তিনি আরও বলেন, নজরুল আমাদের জাতীয় কবি, গানের কবি, বিদ্রোহী কবি। সাম্রাজ্যবাদ, উপনিবেশবাদ, সামন্তবাদ, ধর্মান্ধতা, সাম্প্রদায়িকতা, শোষণ ও নির্যাতনের বিরুদ্ধে বলিষ্ঠ কণ্ঠস্বর ছিলেন নজরুল। হাজার বছরের বাংলা সাহিত্যের ইতিহাসে নজরুলের চেয়ে বড় অসাম্প্রদায়িক ও মানবতাবাদী কোনো কবির আবির্ভাব ঘটেনি।

অনুষ্ঠানের শুরুতে ধর্মীয় গ্রন্থ থেকে পাঠ শেষে বিশ্ববিদ্যালয়ের সঙ্গীত বিভাগের পরিবেশনায় নৃত্যসহ সূচনাসঙ্গীতের পর শুভেচ্ছা বক্তব্য দেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মোহীত উল আলম। সমাবর্তন বক্তা হিসেবে বক্তব্য দেন ইমেরিটাস প্রফেসর ড. রফিকুল ইসলাম। বিশেষ অতিথির বক্তব্য দেন ইউজিসি চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নান। তারপরই রাষ্ট্রপতি ও চ্যান্সেলরকর্তৃক ডিগ্রি ও স্বর্ণপদক প্রদান করা হয়।

বিশ্ববিদ্যালয়ের প্রথম সমাবর্তনে ১ হাজার ৩৯৯ গ্র্যাজুয়েট অংশগ্রহণ করেন। স্নাতক ও স্নাতকোত্তর পর্যায়ে সর্বোচ্চ নম্বরধারী ২৯ শিক্ষার্থীকে ৩২টি স্বর্ণপদক দেয়া হয়। পরে সন্ধ্যায় অনুষ্ঠিত হয় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান। প্রথম সমাবর্তনকে ঘিরে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস উৎসবমুখর হয়ে ওঠে। উল্লেখ্য, ২০০৬ সালের ৯ মে জাতীয় কবি স্মরণে প্রতিষ্ঠা করা হয় কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..............................
তারিখ..............................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর